গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.৪৭.৫৩৬.২০১৯-১৬৩

তারিখঃ ১৭ মাঘ ১৪৩০ / ৩১ জানুয়ারি ২০২৪

## অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব হাবিবুর রহমান, পিতা- আবদুল মান্নান, বাসা নং-১৬০/১৭১ ক, ডিগম্বরীতলা, গ্রাম- বজ্রপুর, ডাক- কুমিল্লা, উপজেলা- কুমিল্লা আদর্শ সদর, জেলা- কুমিল্লা; বর্তমানে রেকর্ড কীপার (সাময়িক বরখাস্ত), আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারী (সংযুক্তঃ ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকায়) কর্মরত আছেন; গত ১৬/০৬/২০২২ খ্রিঃ তারিখে তাকে আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারী (সংযুক্তঃ প্রশাসন শাখা, প্রধান কার্যালয়, ঢাকা) হতে আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারী (সংযুক্তঃ ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকায়) বদলি/সংযুক্ত আদেশ প্রদান করা হয় এবং ২৮/০৬/২০২২ খ্রিঃ তারিখ তাকে সংযুক্ত কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হলেও বিধি মোতাবেক তিনি সংযুক্ত কর্মস্থলে যোগদান করেননি; কর্মস্থলে যোগদান না করে অনুপস্থিত থাকার জন্য তাকে ০৮/০৮/২০২২ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে তিনি জবাব প্রদান করেন এবং তার প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী তিনি ২৯/০৬/২০২২ খ্রিঃ তারিখ হতে ১৮/০৭/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযুক্তকৃত কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। পরবর্তীতে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার জন্য ছুটি মঞ্জুরের নিমিত্ত কোন লিখিত আবেদন দাখিল করেননি; প্রাথমিক তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি অনুপস্থিতিকালে শারীরিকভাবে অসুস্থ থাকার স্বপক্ষে ডাক্তারের ব্যবস্থাপত্র, হাসপাতালের ছাড়পত্রসহ ডায়াগনোসিসের যে রিপোর্ট দাখিল করেছেন তা সঙ্গতিপূর্ণ নয়, অর্থাৎ তিনি কর্তৃপক্ষের নিকট অসঙ্গত ও ভিত্তিহীন প্রমাণক উপস্থাপন করেছেন; এবং

০২। যেহেতু, পরবর্তীতে তিনি ১৭/১১/২০২২ খ্রিঃ হতে ০৭/০২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অর্থাৎ ৮৩(তিরাশি) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; এবং

০৩। যেহেতু, উল্লিখিত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন' এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর ০৪/২০২৩ রুজু করতঃ ১২/০৩/২০২৩ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৭.৫৩৬.২০১৯.৩১৫ নম্বর স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারীপূর্বক তার নিকট প্রেরণ করা হয়; এবং

০৪। যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং একইসাথে আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি গ্রহণের ইচ্ছাপোষণ করলেও নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হননি, এমনকি সময় বর্ধিতকরণের কোন আবেদনও দাখিল করেননি; বিধি মোতাবেক তার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য উপপরিচালক (সিআই), প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

০৫। যেহেতু, প্রাপ্ত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' ও ৩(গ) বিধি 'পলায়ন' এর অভিযোগে একই বিধিমালার ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে কেন সরকারি 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না সে মর্মে ১৪/১২/২০২৩ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৭.৫৩৬.১৯.২৩২৮ নম্বর স্মারকমূলে উক্ত বিধিমালার ৭(৯) অনুসারে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০৬। যেহেতু, তিনি ২৭/১২/২০২৩ খ্রিঃ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং তার দ্বিতীয় কারণ দর্শানোর জবাব, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি গুরুদণ্ড পাওয়ার যোগ্য;

(চলমান পাতা/০২)

০৭। সেহেতু, জনাব হাবিবুর রহমান, রেকর্ড কীপার (সাময়িক বরখাস্ত), আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারী (সংযুক্তঃ ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' ৩(গ) বিধিমতে 'পলায়ন' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' গুরুদণ্ড প্রদান করা হলো।

০৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
মেজর জেনারেল মোঃ নুরুল আনোয়ার
বিএসপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি
মহাপরিচালক।

নং- ৫৮.০১.০০০০.১০১.৪৭.৫৩৬.২০১৯.১৬৩

তারিখঃ ১৭ মাঘ ১৪৩০ / ৩১ জানুয়ারি ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস, ................।
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/ডিস্ট্রিক একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ..................................................।
৮। উপপরিচালক, ক্রয় ব্যবস্থাপনা/পাসপোর্ট/ভিসা ও ইমিগ্রেশন/বাজেট ও নিরীক্ষা/ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও কর্মসম্পাদন/সিআই শাখা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৯। উপপরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১০। সহকারী পরিচালক, ক্রয় ব্যবস্থাপনা/পাসপোর্ট/ভিসা ও ইমিগ্রেশন/ডাটা ও পার্সোনালাইজেশন সেন্টার/প্রশিক্ষণ ও কর্মসম্পাদন/পরিকল্পনা ও উন্নয়ন/ সিআই/হিসাব ও অর্থ শাখা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১১। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক পরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪। জনাব জনাব হাবিবুর রহমান, পিতা- আবদুল মান্নান, বাসা নং-১৬০/১৭১ ক, ডিগম্বরীতলা, গ্রাম- বজ্রপুর, ডাক- কুমিল্লা, উপজেলা- কুমিল্লা আদর্শ সদর, জেলা- কুমিল্লা।
১৫। সংশ্লিষ্ট নথি।

৩১/০১/২০২৪
(মোঃ সালেহ উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ০২-৮১৮১০৭২
adadmin@passport.gov.bd